৩৫

দৈনিক বাংলা

তারিখ ... 23 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ......

# ২০ কোটি টাকা ব্যয়ে মুজিবনগরে শিক্ষা কমপ্লেক্স প্রতিষ্ঠা করা হবে

তারিক-উল-ইসলাম ঃ মুজিবনগরে শিক্ষা কমপ্লেক্স প্রতিষ্ঠা করা হবে। এই কমপ্লেক্সে একই সাথে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজ থাকবে। কমপ্লেক্সটি প্রতিষ্ঠা করতে খরচ হবে ২০ কোটি টাকা।

সংশ্লিষ্ট সূত্র জানায় ঃ সরকার এই কমপ্লেক্সটি প্রতিষ্ঠার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কমপ্লেক্সটি অন্তর্ভুক্ত হয়েছে। এ বাবদ ২০ কোটি টাকার

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ২০ কোটি টাকা ব্যয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

বাজেট ও ধরা হয়েছে। চলতি বছরেই কমপ্লেক্সটি প্রতিষ্ঠার কাজ শুরু হবে। আগামী এক সপ্তাহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের একটি সার্ভে টিম কমপ্লেক্সটি কিভাবে গড়ে তোলা যায়, তা দেখতে মুজিবনগর যাবে।

মুজিবনগর ঐতিহাসিক একটি জায়গা। মেহেরপুর জেলা শহর থেকে ১১ কিলোমিটার দূরে এর অবস্থান। এখানে ১৯৭১ সালের ১৭ এপ্রিল স্বাধীন বাংলার অস্থায়ী সরকারের মন্ত্রী পরিষদের সদস্যরা শপথ গ্রহণ করেছিলেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রেসিডেন্ট ঘোষণা করে ঐ মন্ত্রী পরিষদের সদস্যরা শপথ নিয়েছিলেন। এখানেই স্বাধীনতার আনুষ্ঠানিক ঘোষণাপত্র পাঠ করা হয়েছিল এবং এখান থেকেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয়। স্বাধীনতার পরে মুজিবনগরের উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা নেয়া হয়। কিন্তু পরে তা আর কার্যকরী হতে দেয়া হয়নি। আশির দশকে মুজিবনগরের আম্রকাননে একটি স্মৃতিসৌধ প্রতিষ্ঠা করা হয়। মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর প্রতিষ্ঠার পরিকল্পনাও নেয়া হয়েছিল। কিন্তু তা আর করা হয়নি। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর মুজিবনগরের দিকে বিশেষ দৃষ্টি দিয়েছেন। এই দৃষ্টিরই অংশ হিসাবে মুজিবনগরে শিক্ষা কমপ্লেক্স গড়ে তোলা হচ্ছে। এছাড়া সরকার ইতিমধ্যে মুজিবনগরকে থানা ঘোষণা করেছেন। মুজিবনগরে একটি পর্যটন কেন্দ্র প্রতিষ্ঠার একটি পরিকল্পনাও সরকারের রয়েছে বলে বে-সামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় ঘোষণা করেছে।

এছাড়াও মুজিবনগরে একটি চেক-পোস্ট স্থাপনের ব্যাপারে ভাবনা-চিন্তা রয়েছে। স্থানীয় সরকার মন্ত্রণালয় মেহেরপুর শহর থেকে মুজিবনগর যাবার পথে 'মুজিব গেট' প্রতিষ্ঠা করবে বলেও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। তবে চেক-পোস্ট স্থাপন ও 'মুজিব গেট' তৈরীর ব্যাপারে এখনও চূড়ান্ত কোন কর্মসূচী নেয়া হয়নি। তবে মুজিবনগরকে ঘিরে আশপাশের সড়ক নেটওয়ার্ক ইতিমধ্যে জোরদার করা হয়েছে।